২০২৩-২০২৪ অর্থ বছরের

# বার্ষিক প্রতিবেদন

## মানব উন্নয়ন কেন্দ্র (মউক)



মউক পয়েন্ট
হাট রোড, আমঝুপি
মেহেরপুর।
০১৭৩৩-২২৩২৯৯
www.muk-f.org

# সূচীপত্র

বার্ষিক প্রতিবেদন
২০২৩-২০২৪


| ক্রঃ | বিষয়বস্তু | পাতা নং |
|---|---|---|
| ১ | সভাপতি মহোদয়ের বাণী, নির্বাহী প্রধানের বাণী ও | ১ |
| ২ | সার সংক্ষেপ ও উন্নয়ন সহযোগীদের পরিচিতি | ২ |
| ৩ | মউক এর লক্ষ্য, উদ্দেশ্য, ভূমিকা, মূল্যবোধ ও সাংগঠনিক ব্যবস্থাপনা | ৩ |
| ৪ | আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচীর ২০২৩-২০২৪ অর্থ বছরের চলমান কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণী | ৫ |
| ৫ | দলিত / আদিবাসী/ সংখ্যালঘু জনগোষ্টির সরকারি সেবা প্রাপ্তিতে সুযোগ সম্প্রসারণ প্রকল্প | ৬ |
| ৬ | চাইল্ড ও ওম্যান রাইটস্ এ্যাডভোকেসী প্রকল্প (সমৃদ্ধ) | ৬ |
| ৭ | প্রবীণ সুবিধা বঞ্চিত দলিত জনগোষ্ঠির বসত বাড়িতে ছাগল পালনের মাধ্যমে আর্থিক পূর্ণবাসন প্রকল্প | ৭ |
| ৮ | প্রাইমারী মউক হেলথ কেয়ার এন্ড চাইল্ড এন্ড উইমেন হেলথ নিউট্রিশন প্রজেক্ট | ৮ |
| ৯ | কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রম | ৮ |
| ১০ | আইসিএস/ইকো ফ্রেন্ডলী ইম্প্রুভ কুক ওভেন ইনস্টলেশন | ৯ |
| ১১ | ইনক্লুসিভ এডুকেশন ট্রিটমেন্ট এন্ড রিহ্যাবিলিটেশন অফ দি পার্সন ডিজএ্যাবিলিটিস | ১০ |
| ১২ | মউক টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট (MTTC) | ১১ |
| ১৩ | ভার্নারেবল ওয়েম্যান বেনিফিট (VWB) | ১১ |
| ১৪ | বাংলাদেশে ভূমিহীন, দরিদ্র, প্রান্তিক জনগোষ্ঠির ভূমি স্বত্ত এবং যৌথ কৃষিচর্চা প্রকল্প | ১২ |
| ১৫ | ক্ষুদ্র ঋণ ও সোসিও- ইকোনোমিক ডেভেলেপমেন্ট প্রোগ্রাম | ১৩ |
| ১৬ | তৃণমূল মডেল একাডেমী ও প্রতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রম | ১৩ |
| ১৭ | মউক এর ব্যবস্থাপনায় জাতীয় এবং আন্তর্জাতিক দিবস সমূহ উদযাপন | ১৪ |
| ১৮ | বর্তমানে চলমান কার্যক্রম সমূহ ও বাজেট | ১৫ |
| ১৯ | উন্নয়ন বার্তা সংবাদপত্রের ক্লিপিং | ১৬ |
| ২০ | ২০২৩-২০২৪ ইং পর্যন্ত জাতীয় ও আন্তর্জাতিক নেটওয়ার্ক সদস্যদের তথ্য | ১৭ |

## সভাপতি মহোদয়ের বাণী



মানব উন্নয়ন কেন্দ্র মউক এর সকল পর্যায়ের শুভাকাঙ্খী ও উন্নয়ন সহযোগী, স্টেকহোল্ডার, উপকারভোগী ও কর্মকর্তা/কর্মচারী সকলকে আমার পক্ষ থেকে প্রাণঢাল অভিনন্দন ও শুভেচ্ছা। এই প্রতিবেদনটিতে জুলাই ২০২৩ থেকে জুন ২০২৪ এই সময়ের একটি সার্বিক কাজের প্রতিবেদন এর সার সংক্ষেপ তুলে ধরা হয়েছে। মউক মানবাধিকার প্রতিষ্ঠান হিসাবে সরকার এর সাথে বিভিন্ন ইস্যু নিয়ে প্রশাসনের সাথে এ্যাডভোকেসী করে আসছে। এছাড়া সরকারি সেবা সমুহ সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর বাড়ীর দৌর-গোড়ায় পৌছে দেবার লক্ষ্যে এবং সরকারের SGD আর্জনের মাধ্যমে বাংলাদেশ সরকারের উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান হিসাবে দীর্ঘ ২৯ বছর যাবৎ কাজ করে আসছে।

আমি বিভিন্ন স্তরের স্টেকহোল্ডারদের ও বিশেষ করে সমাজের সাধারণ জনগোষ্ঠির ভূমিকা ও অবদান এর প্রতি কৃতজ্ঞতা স্বীকার করছি। সংগঠনের গতিশীলতা আনতে এবং স্থানীয় জনসাধারণের প্রয়োজনীয়তা পূরণের লক্ষ্যে যথাযথভাবে দায়িত্ব পালন করার জন্য সংস্থার সাধারণ পরিষদের সকল সদস্যও কর্মীদের আমি ধন্যবাদ জ্ঞাপন করছি। আমি এই প্রতিবেদনের মধ্যে প্রকাশিত ফলাফলের সাথে জড়িত সকল উন্নয়ন সহযোগী এবং বাংলাদেশ সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

আমি আগামী বছরগুলিতে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করি ।

**এস.এম. ছাইফুল ইসলাম**
সভাপতি, মানব উন্নয়ন কেন্দ্র (মউক)

## নির্বাহী প্রধানের বাণী



জুলাই ২০২৩ থেকে জুন ২০২৪ ইং-এর জন্য মউক-র বার্ষিক প্রতিবেদনটি যথা সময়ে প্রকাশ করা আমাদের জন্য খুবই আনন্দের। **"মানুষের জন্য যার জন্ম, নাম তার মানব উন্নয়ন কেন্দ্র"** এই স্লোগানকে উপজীব্য করে মউকের দীর্ঘ ২৯ বছরের পথ চলায় আরো একটি সফল অর্থবছর ২০২৩-২০২৪ বিদায় দেওয়া হইল। সমাজের মধ্যে সকল প্রকার বৈষম্যকে হ্রাস করা ও নাগরিক অধিকার নিশ্চিত করার লক্ষ্যে কমিউনিটির অংশগ্রহন ও নেতৃত্বের মাধ্যমে মউক বিভিন্ন কর্মসূচী পরিচালনা করে আসছে। মউক বিশ্বাস করে যে- শান্তি ও সহনশীলতা ছাড়া সমাজের কোন উন্নয়ন স্থায়ী হতে পারে না। এবং জাতির জন্য সবচেয়ে কার্যকর/মূল্যবান বিনিয়োগ হচ্ছে শিশু এবং যুবকদের জন্য কাজ করা। দক্ষিণ-পশ্চিম সীমান্ত এলাকার একটি এনজিও হিসাবে মউকের আরো একটি প্রধান বিবেচ্য বিষয়- টেকসই উন্নয়ন বা SDG অর্জনে সর্বচ্চো ভূমিকা রাখা

বিগত ২০২৩-২০২৪ অর্থবছরে আমরা আমাদের সাফল্য, শিক্ষা, চ্যালেঞ্জ এবং সুপারিশগুলো স্টেকহোল্ডারদের সাথে ভাগাভাগি করে নিয়েছি। বিভিন্ন দাতা সংস্থার সহায়তায় মউক ছয়টি কম্পোনেন্টকে বিবেচনায় নিয়ে ১৭ টি প্রকল্প সফলভাবে বাস্তবায়ন সম্ভবপর হয়েছে। ফলে আমরা কৃতজ্ঞতা স্বীকার করছি- সকল অংশীদজন, দাতা সংস্থা, সরকার, মিডিয়া এবং সেবাগ্রহনকারীদের নিকট। আমরা আরো কৃতজ্ঞতা জানাচ্ছি- সংস্থার নির্বাহী ও সাধারণ কমিটির সদস্যদের প্রতি, তাদের মহৎ সহযোগিতা এবং সহায়তা প্রদান করার জন্য। একই সাথে ধন্যবাদ জানাই, প্রতিশ্রুতিবদ্ধ কর্মীদের, যারা তাদের উপর অর্পিত দায়-দায়িত্ব কর্তব্য নিষ্ঠার সাথে পালন করেছেন।

মউক কেন্দ্রীয় সরকার, স্থানীয় সরকার, নাগরিক সমাজ, আইনজীবী সম্প্রদায় সহ সুবিধাবঞ্চিত শিশু, কিশোর এবং যুবক ও নারী সহ বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে নিবিড়ভাবে কাজ করে যাচ্ছে। ভবিষ্যতে আমাদের শুভাকাঙ্খীদের কাছ থেকে অবিচ্ছিন্ন সমর্থন এবং সহযোগিতা আশা করি, যাতে করে মউক আরো উন্নয়নের ধারা অব্যহতি রেখে সাফল্যের দিকে এগিয়ে যেতে পারে।

সর্বাঙ্গীণ সাফল্য ও শুভকামনায় ।



**আশাদুজ্জামান সেলিম**
**নির্বাহী প্রধান কর্মকর্তা,**
**মউক, মেহেরপুর।**

## সার-সংক্ষেপঃ

“নির্যাতিত অসহায় মানুষের জন্য যার জন্ম, নাম তার মানব উন্নয়ন কেন্দ্র” এই স্লোগান সামনে নিয়ে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ১৯৯৫ সালে প্রতিষ্ঠা লাভ করে। প্রতিষ্ঠা লগ্ন হতে সংগঠনটি মানুষের মৌলিক অধিকার ও মানবাধিকার রক্ষার পাশাপাশি নির্যাতিত নিপিড়িত অসহায় মানুষের পার্শ্বে দাঁড়িয়ে ক্ষুধা ও দারিদ্র নির্যাতনমুক্ত সমৃদ্ধ দেশ গঠনে সরকারের উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করে যাচ্ছে। সংস্থাটি দীর্ঘ ২৯ বছরে সৃষ্টিশীল কাজের মাধ্যমে এলাকার মানুষের মনের মণিকোঠায় স্থান করে নিয়েছে। অত্র সংস্থাটি ২০২৩-২০২৪ অর্থ বছরে ১৭টি প্রোজেক্ট বাস্তবায়ন করছে। সংস্থার রুপকল্পকে বাস্তবায়নের জন্য, কৌশলগত পরিকল্পনা ২০২০-২০২৫ অনুযায়ী ০৬টি উন্নয়ন কম্পোনেন্ট কে সামনে রেখে বর্তমানে মউক তার কর্ম এলাকায় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় ০২ মিলিয়ন এর বেশি মানুষকে সেবার আওতায় আওতাভুক্ত করে কাজ করে আসছে। সেবাসমুহের মধ্যে রয়েছে- (১) সুশাসন, গণতন্ত্র, রাজনৈতিক ক্ষমতায়ন এবং সামাজিক জবাবদিহিতা প্রতিষ্ঠা, (২)শান্তি ও সহনশীলতা, (৩) নারী, শিশু এবং প্রতিবন্ধীদের অধিকার (৪) শিক্ষা কার্যক্রম এবং (৫) কৃষি উন্নয়ন ও আয় বর্ধন মূলক কার্যাবলী (৬) পরিবেশ ও মানব সম্পদ উন্নয়ন প্রশিক্ষন ইত্যাদি কর্মসুচির মাধ্যমে মউক আরও একটি সফল বছর অতিক্রম করেছে।

## উন্নয়ন সহযোগী পরিচিতি ঃ

মউক ক্রমাগত উন্নতি ও উদ্ভাবনের জন্য সরকারী, আন্তর্জাতিক এবং জাতীয় যে, সব সংস্থাগুলোর অবিচ্ছিন্ন সমর্থন ও সহযোগীতা পেয়ে থাকে তাদের মনোগ্রাম/লোগো তুলে ধরা হলো ।

## আমাদের লক্ষ্য

মউক এমন একটি সমাজ ব্যবস্থা বিনির্মানে পরিকল্পনা করেছে, যেখানে দক্ষিণ-পশ্চিমাঞ্চলে সুবিধাবঞ্চিত মানুষদের মানবাধিকার, ন্যায় বিচার সংস্কৃতি এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের মাধ্যমে সুখী ও সমৃদ্ধ অঞ্চল হিসাবে স্বীকৃত পাবে।

## মউক এর উদ্দেশ্য ঃ

১. জনগণের অংশগ্রহণের মাধ্যমে গণতন্ত্র ও সুশাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করা ।
২. স্থানীয় সম্পদের উন্নয়নের মাধ্যমে কৃষির জন্য স্থিতিশীল কৌশলগত পরিকল্পনা তৈরি করা।
৩. শিশু, যুবক, নারীদের বিভিন্নভাবে সক্ষমতা বৃদ্ধি ও প্রান্তিক মানুষের মানবাধিকার অধিকার প্রতিষ্ঠা করা ।
৪. তৃণমূল মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন শিল্প, স্বাস্থ্য, ক্ষুদ্র ঋণদান এ সহায়তার মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন ঘটানো ও নারীর ক্ষমতায়ন বৃদ্ধি করা।
৫. জলবায়ু পরিবর্তন এবং প্রাকৃতিক/মানুষ্যসৃষ্ট বিপর্যয় এর প্রভাব মোকাবেলা করতে এবং প্রাকৃতিক জৈব-বৈচিত্র সংরক্ষণে দক্ষতা ও মানুষের ক্ষমতা বৃদ্ধি করা ।

## মউক এর মূল্যবোধঃ

মউক নিম্নলিখিত মূল্যবোধগুলো সংস্থার এর মধ্যে অনুশীলন করা এবং তা কমিউনিটি প্রচার করার চেষ্টা করা হয়।
১. মৌলিক মানবাধিকারের জন্য স্বীকৃতি এবং সম্মান প্রদান করা।
২. জাতি, ধর্ম, বর্ণ, এবং শ্রেনী নির্বিশেষে সকল ব্যক্তির জন্য সমান শ্রদ্ধা ও মূল্যায়ন করা।
৩. সকল স্তরের গণতান্ত্রিক অংশগ্রহণের মূল্যবোধ প্রচার ও অনুশীলন করা।
৪. সংস্কৃতি ও ঐতিহ্যের প্রতি শ্রদ্ধা প্রকাশ করা।
৫. নারী-পুরুষ উভয় সমান, একে অপরের প্রতি শ্রদ্ধাশীল ও সংবেদনশীল সুসম্পর্ক কে তুলে ধরা।
৬. শিশু, প্রবীণ এবং শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিশেষ যত্ন নেওয়া।
৭. প্রকৃতি এবং জৈব-বৈচিত্রের উন্নয়ন সহ পরিবেশ উন্নয়নে কাজ করা।

## সাংগঠনিক ব্যবস্থাপনাঃ

মউক সাধারণ-পরিষদ সদস্য ২১ জন ও নির্বাহী কমিটির সদস্য সংখ্যা ০৭ জন। নির্বাহী কমিটির সভা প্রতি দুই মাস পর পর অনুষ্ঠিত হয়। এবং সাধারন পরিষদ এর সভা প্রতি বৎসরে ০২টি সভা অনুষ্ঠিত হয়ে থাকে। এছাড়া প্রতিষ্ঠানের নির্বাহী প্রধানের নেতৃত্বে প্রোগ্রাম ম্যানেজারদের ম্যাধ্যমে প্রতি মাসে ২টি করে সমন্বয় করে, কার্যক্রম সমূহ পরিচালনা করা হচ্ছে।

## মানব সম্পদ ব্যবস্থাপনাঃ


মউকের সর্বশেষ মানবসম্পদ ব্যবস্থাপনা, ২০২০-২০২৫ কৌশলগত পরিকল্পনা বাস্তবায়নের জন্য অপ্রত্যাশিত চ্যালেঞ্জ সমূহ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দক্ষতা, প্রতিশ্রুতি এবং পেশাদারিত্ব লোকবল তৈরী করা। অত্র সংস্থায় বর্তমানে ২৭৫ জন বেতনভুক্ত কর্মকর্তা-কর্মী ও শিক্ষক-শিক্ষিকা রয়েছে (যার প্রায় ৬০% নারী)। এছাড়াও ২৫ জন স্বেচ্ছাসেবক হিসাবে কর্মএলাকায় সবার জন্য শিক্ষা নিশ্চিতকরণে কাজ করেছেন ।

## আর্থিক ব্যবস্থাপনা ঃ

মউক দীর্ঘ ২৯ বছরেরও বেশি সময় ধরে তহবিল পরিচালনা করছে এবং সময়ের সাথে সাথে প্রকল্পের তহবিল পরিচালনার ক্ষেত্রে পর্যাপ্ত অভিজ্ঞতা অর্জন করেছে। প্রতিটি প্রকল্প এবং বিভাগের জন্য পৃথক এ্যাকাউন্ট সহ সকল প্রকল্প সমূহ সুষ্ঠভাবে পরিচালনার করার জন্য মউক বর্তমানে বিভিন্ন ব্যাংকের ১৭ টি ব্যাংক এ্যাকাউন্ট পরিচালনা করছে। মউক আর্থিক পরিচালনা ব্যবস্থা জাতীয় এবং আন্তর্জাতিক মানদন্ড অনুসরণ করে। এছাড়া প্রতিষ্ঠানের সম্পদের সর্বোত্তম ব্যবহার এবং অনিয়ম নিয়ন্ত্রণ নিশ্চিত করেছে।

## অডিট সিস্টেম এবং প্রতিবেদন ঃ

মউক এর দুটি অভ্যন্তরীণ এবং বাহ্যিক অডিটিং সিস্টেম রয়েছে। অভ্যন্তরীণ নিরীক্ষণটি অভ্যন্তরীণ নিরীক্ষক দ্বারা পরিচালিত হয়। তারা সরাসরি প্রধান নির্বাহী কর্মকর্তার এর নিকট ১মাস পরপর প্রতিবেদন পেশ করেন। অডিটর বৃন্দ মাঠ পরিদর্শন করেন এবং প্রতিটি প্রকল্পের জন্য ত্রৈমাসিক নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুত করেন। এবং বাহ্যিক নিরীক্ষা প্রধান নির্বাহী কর্মকর্তা এর নেতৃত্বে এবং নির্বাহী কমিটির দ্বারা অনুমোদিত হয়। দেশের খ্যাতনামা অডিটফার্ম কর্তৃক প্রদত্ত মউক সম্পর্কিত তথ্য জাতীয় এবং আর্ন্তজাতিক সংস্থায় এবং এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধন ও  স্বীকৃত রয়েছে। এভাবে স্বীকৃত অডিটফার্ম দ্বারা প্রতিবছর অডিট কাজ সুসম্পন্ন করা হয়ে থাকে।




# ২০২৩-২০২৪ অর্থ বছরে চলমান কর্মসূচী সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণী

## আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসূচী (OOSC) ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের অধিনে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন ৪র্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচীর সাব-কম্পোনেন্ট ২.৫ আউট অব স্কুল চিলড্রেন কর্মসুচী, এই কর্মসূচীর মূল লক্ষ্য ০৮-১৪ বছর বয়সী বিদ্যালয় বর্হিভূত এবং ঝড়ে পড়া শিশুদের উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের মাধ্যমে প্রাথমিক শিক্ষা ধারায় ফিরিয়ে আনা, এই লক্ষ্য অর্জনে মানব উন্নয়ন কেন্দ্র মউক মেহেরপুর জেলা ব্যাপী আইএসএ প্রতিষ্ঠান হিসাবে এই কার্যক্রম বাস্তবায়ন করছে।



মেহেরপুর সদর উপজেলায় ৭০টি উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের মাধ্যমে ১৩০২জন ছেলে ও ৮১৫জন মেয়ে মোট ২১১৭জন শিক্ষার্থীর নিয়মিত উপানুষ্ঠানিক শিখন কেন্দ্রে পড়ালেখা করছে। এছাড়া মুজিবনগর উপজেলা ৬০টি কেন্দ্রের মাধ্যমে ৯৩০জন বালক ও ৭০৩ জন বালিকা সর্বমোট ১৬৩৩ জন শিশু পড়ালেখা করছেন এবং গাংনী উপজেলায় ৮০ টি কেন্দ্রে ২,৪০০জন শিক্ষার্থী লেখাপড়া করছেন। জেলাব্যাপী ৬১৫০ জন ০৮ থেকে ১৪ বছর বয়সী শিশু এই প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে। এই প্রকল্প এর আওতায় বাস্তবায়িত কার্যাবলী নিম্নে উল্লেখ করা হলো ।




**বাস্তবায়িত কার্যক্রম সমূহ ঃ**

১। ৩টি উপজেলায় ২১০টি শিখন কেন্দ্রের মাধ্যমে মোট ৫১৫০জন শিক্ষার্থীর ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেনী পর্যন্ত লেখাপড়া সুষ্ঠ সম্পন্ন করেছে ও ১১৫০জন শিক্ষার্থী সরকারি মূলধারার প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করা হয়েছে।

২। প্রকল্প এর মাধ্যমে প্রতিমাসে শিক্ষক/শিক্ষিকাদের নিয়ে নিয়মিত মাসিক সভা আয়োজন করা হয়েছে।

৩। ৬,১৫০জন শিক্ষার্থীদের ২০২৩-২০২৪ অর্ত বছরে ১ বার স্কুল ড্রেস ও ১৮বারে ৫৪টি করে খাতা ও ড্রয়িং খাতা প্রদান করা হয়েছে।

৪। উপজেলা পর্যায়ে মতবিনিময় সভা ৬টি আয়োজন করা হয়েছে ।

৫। ২১০টি শিখনকেন্দ্রে CMC কমিটির ২১০টি মিটিং আয়োজন করা হয়েছে।

৬। ৪২০টি কমিউনিটি/অভিভাবক সমাবেশ সফলভাবে সম্পন্ন হয়েছে ।

৭। বিবেচ্য সময়ে ০৩বার IVA সম্পন্ন হয়েছে।

গত ৩০শে জুন ২০২৪ ইং তারিখে মধ্যে মোট ৫,১৫০জন শিক্ষার্থী ৪র্থ শ্রেণীর সমাপনী পরিক্ষা শেষ করে ৫ম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। এছাড়া সরকারি বিভিন্ন উচ্চ পর্যায়ের পরিদর্শন প্রতিবেদন সমূহে সফলভাবে কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।

## দলিত আদিবাসি ও সংখ্যালঘু জনগোষ্ঠির সরকারি সেবা প্রাপ্তিতে সুযোগ সম্প্রসারণ প্রকল্প ঃ





মেহেরপুর জেলার সদর উপজেলা চলিত অর্থ বছরে জানুয়ারি /২৪ হতে উল্লেখিত প্রকল্পটি তাইওয়ান ফাউন্ডেশন ফর ডেমোক্রেসী এর অর্থায়নে পরিচালনা হচ্ছে। প্রকল্পের মাধ্যমে আমঝুপি ও আমদাহ ইউনিয়নে ২টি এডভোকেসী ফোরাম গঠন ও প্রশিক্ষন সম্পন্ন করা হয়েছে। এছাড়া দলিত আদীবাসীদের অধিকার আদায়ে ব্যাপক ক্যাপম্পেইন এর জন্য ৫০০টি পোষ্টার ডিজাইন ও প্রিন্ট করা হয়েছে। এছাড়াও আদিবাসী দিবস উদযাপন সহ মানবিক কার্যক্রমের বাস্তবাসন সম্পন্ন হয়েছে। এই সকল কার্যক্রমের মাধ্যমে বেশ প্রভাব বিস্তারসহ ফলাফল অর্জিত হচ্ছে। সরকারি সেবা খাত গুলিতে দালিত ও আদিবাসীদের সুফল পেতে ব্যাপকভাবে এবং দীর্ঘমেয়াদী কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীতা রয়েছে। একই সাথে উক্ত প্রকল্প বাস্তবায়নের ফলে আদীবাসি ও দলিত সম্প্রদায়ের ছেলে মেয়েরা স্কুলমূখী হওয়া প্রবণতা লক্ষ করা যাচ্ছে। নতুন দলিত এ্যাডভোকেসী করা হচ্ছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের দাতা প্রতিষ্ঠানের সহযোগিতায় পেলে ইতিবাচক রেজাল্ট প্রকল্প হতে দৃশ্যমান হবে।

| ক্রম | কার্যক্রমের নাম | সেবার ধরণ | সেবার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | এ্যাডভোকেসী ফোরাম গঠন ও প্রশিক্ষণ | প্রশিক্ষণ ও কমিটি গঠন | ৪৫জন |
| ২ | আদিবাসী দিবস উৎযাপন করা | দিবসের তাৎপর্য বিষয়ে সচেতন করা | ১১০জন |
| ৩ | ৫০০টি পোস্টার তৈরী ও বিতরণ করা | সুবিধা বঞ্চিতদের অধিকার সম্পর্কে সচেতন করা | ২৫,৭৮৫জন |
| ৪ | এ্যাডভোকেসী মিটিং করা | দেশের আইনী অধিকার বিষয়ে সচেতন করা | ১২৭জন |

## চাইল্ড এন্ড ওম্যান রাইটস্ এ্যাডভোকেসি (সমৃদ্ধ) ঃ




আদর্শগতভাবে মউক শিশু ও নারীর অধিকারের পক্ষে খুব আন্তরিক ও নিবেদিত এবং সেইসাথে সংগঠনটি শিশু এবং নারীদের অধিকার রক্ষায় দীর্ঘ ২৭ বছর ধরে কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। বর্তমানে অ্যাকশন এইড বাংলাদেশ এর সহযোগিতায় JNNPF এর মাধ্যমে ০১টি জেলা ও ০৩ উপজেলায় নারী নির্যাতন প্রতিরোধে ফোরাম নামে কমিটি গঠন করে নিবিড়ভাবে পারিবারিক সহিংসতা প্রতিরোধে কাজ করে আসছে। ০৪টি কমিটির মাধ্যমে সরকারি পুলিশ প্রশাসনের সাথে এ্যাড-ভোকেসি সভার আয়োজন করা হয়েছে । এই উদ্যোগের লক্ষ্য হলো শিশুদের একযোগে মিনি এ্যাডভোকেট হিসাবে গড়ে তোলা, ২০টি গ্রুপের মাধ্যমে ৩৫০ জন নারীকে এ্যাডভোকেসির মাধ্যমে অধিকার বিষয়ে বিকশিত হওয়ার সুযোগ সৃষ্টি করা। বিগত অর্থ বছরে ৫টি জিও-এনজিও সমন্বয় সভা, ১২টি মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে, ০৫টি আঞ্চলিক শিশু ফোরাম এবং মহিলা কাউন্সিল গঠিত হয়েছে। স্কুল সভা, উঠান সভা এবং আইনী সহায়তা মেডিয়েশন সার্ভিস ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া বাল্য বিবাহ বন্ধ, নারী ও শিশু যৌন হয়রানী, মানব পাচার প্রতিরোধ বিষয়ক আলোচনা সভা ও সচেতনতা সভা বাস্তবায়িত হয়েছে, নিম্নে গত ১বছরে কার্যক্রমের তথ্য সেবা গ্রহিতার তথ্য দেওয়া হইল।




## নিম্নে ২০২২-২০২৩ অর্থ বছরের কিছু সংখ্যাক তথ্য দেওয়া হলো ঃ-

| ক্রম | কার্যক্রমের নাম | সেবার ধরণ | সেবার সংখ্যা | সেবা গ্রহণকারী | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | নারী | পুরুষ | শিশু | |
| ১ | উপজেলা নারী নির্যাতন | মাসিক আলোচনা সভা | ০৯ | ৮৫ | ৬৫ | ০ | ১৫০ |
| ২ | শিশু ও নারীদের ভয়েজ রেইজিং এর জন্য ক্যাপাসিটি বিল্ডিং করা | | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৩ | শিশু ও মায়েদের নিয়ে সভা | কমিটি গঠন ও সিদ্ধান্ত গ্রহন সভা ও আইনী ম্যাসেজ প্রদান করা | ১৫ | ২৫০ | ০ | ৩৫০ | ৬০০ |
| ৪ | উঠান বৈঠক ও পারিবারিক কাউন্সিলিং বৈঠক - ৯০টি | নারী ও পুরুষ বৈঠক | ৩৫ | ৩৭২ | ১৫০ | ১৫০ | ৬৭২ |
| ৫ | বিদ্যালয় সভা- ১০টি | উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীর দের নিয়ে | ১৫ | ০ | ০ | ৩২৫০ | ৩২৫৫ |
| ৬ | সালিস পরিচালনা- ১৫৭০টি | পারিবারিক বিরোধের মীমাংসা করা | ৮৭৫ | ৫৩৫ | ২০০ | ১১৫ | ৮৭৫ |
| | | সর্বমোট | ৯৪৯ | ১২৪২ | ৪১৫ | ৩৮৬৫ | ৫৫৫২ |

## প্রবীণ ও প্রান্তিক সুবিধা বঞ্চিত জনগোষ্ঠির বসত বাড়িতে ছাগল পালনের মাধ্যমে আর্থিক পূর্ণবাসন প্রকল্পঃ

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের সহযোগিতায় ২০০৭ ইং সাল হতে এই প্রকল্পের কার্যক্রম শুরু হয়। গত ২০২৩-২০২৪ অর্থ বছর সময়কালে জেলায় অবহেলিত বয়স্ক নারী ও পুরুষদের উপরে উল্লেখিত প্রকল্পটি অত্যান্ত সফলতার সহিত বাস্তবায়িত হয়েছে। এ ছাড়াও প্রোগ্রাম এর আওতায় থেকে প্রবীন ব্যাক্তিদের প্রাথমিক স্বাস্থ্যসেবা এবং নারীদের ছাগল প্রদান করা হয়েছে। সুবিধা বঞ্চিত বয়স্ক ব্যক্তিদের নিয়মিত ফলোআপ কাউন্সেলিং সেবা প্রদান করা হয়। প্রত্যক্ষভাবে ১৩টি পরিবারে ২টি করে ছাগী প্রদান করা হয়। পরিবারের থেকে ৭৫জন সদস্য নিজ-নিজ পরিবার ও সমাজে এ মানবিক মর্যাদা উপভোগ করছেন। এই প্রকল্পের কার্যক্রমের সংখ্যামুলক তথ্য নীচে উল্লেখ করা হলো ঃ



| ক্রমিক নং | কর্মসূচীর নাম | সেবার ধরণ | সেবা গ্রহণকারী | | মোট সেবা গ্রহণকারী |
|---|---|---|---|---|---|
| | | | নারী | পুরুষ | |
| ১ | বয়স্কদের ৩টি কমিটি গঠনও প্রবীণ ক্লাব তৈরী | ক্লাব ও কমিটির মাধ্যমে সম্পৃত্তকরণ ও সেবা প্রদান | ১৫ জন | ৫৫ জন | ৭০ জন |
| ২ | ছাগল প্রদান ও চিকিৎসা সহায়তা | নারী ছাগল প্রদান | ১০ জন | ০২ জন | ১৩ জন |
| ৩ | কাউন্সিলিং/থেরাপী | পৃথকভাবে কাউন্সিলিং করা | ৩৬ জন | ৪৪ জন | ৮০ জন |
| ৪ | স্বাস্থ্য সেবা প্রদান | ডাক্তার দেখিয়ে ব্যাবস্থা পত্র সহ ঔষধ বিতরণ | ৮৫ জন | ৬৫ জন | ১৫০ জন |
| ৫ | আর্থ সামাজিক উন্নয়ন এ গাড়ল প্রদান | বসত বাড়ীতে ছাগল বিতরণ করা | ২৬ জন | - | ২৬ জন |
| | | সর্বমোট | ১৭২জন | ১৬৬জন | ৩৩৯জন |

## প্রাইমারী  মউক হেলথ কেয়ার এন্ড নিউট্রিশন প্রজেক্ট ঃ

২০১৫ইং সালে মউক অসহায় দরিদ্র জনগোষ্ঠির বাড়ির দোর-গোড়ায় স্বাস্থ্য সেবা পৌছে দেবার লক্ষ্যে BWHC ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় এর মাধ্যমে স্বাস্থ্য সেবা  ও পুষ্টি এবং ব্যথা নাশক ঔষধ বিতরণের, এই কর্মসূচি শুরু করেছে। নির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য মউক নিজস্ব উদ্যোগে এবং সরকারী অর্থায়নে সুবিধাবঞ্চিত, পরিবারগুলোকে স্বাস্থ্য সেবার আওতায় আনা হয়েছে। এই প্রোগ্রামটি সকল স্তরের মানুষের কাছে ব্যাপক চাহিদা ও জনপ্রিয় হওয়ায়, প্রতিষ্ঠান স্বাস্থ্য সেবার গুনগত মান বজায় রাখার জন্য ০২জন ফিজিওথেরাপিস্ট, ০১ জন সহকারী কাউন্সেলিং এবং ০১ জন সহকারী চিকিৎসক নিয়োগ প্রদান করছেন। ২০২৩-২০২৪ অর্থ-বছরের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় এর পাশাপাশি কনসার্ন ওয়াল্ড ও বিএনএফ এর সহযোগিতায় স্বাস্থ্য প্রকল্পের মাধ্যেমে ৪৩৭জন চিহ্নিত রোগীদেরকে স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান করা হয়েছে এবং তাদের মধ্যে ৭৫% রোগী সুস্থ হয়ে স্বাভবিক জীবণ যাপন করছেন । একই সাথে শিশু পুষ্টি সেবা প্রদানের লক্ষে ক্যাম্পেইন ও সচেতনতা বৃদ্ধি করেছেন।



| ক্রমিক নং | কার্যক্রম | সেবা | সেবা গ্রহনকারী | | | মোট সেবা গ্রহণকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | নারী | পুরুষ | শিশু | |
| ১ | চিকিৎসা সেবা প্রদান | ব্যাবস্থাপত্র এবং ঔষধ বিতরণ | ৯০০ | ৮২০ | ০ | ১৭২০ |
| ২ | স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক সচেতনতা | সচেতনা বৃদ্ধি | ৩৭৫ | ১৭৫ | ১২৭৫ | ১৮২৫ |
| ৩ | মেডিক্যাল ক্যাম্প বাস্তবায়ন | চেক আপ ও ব্যাবস্থাপত্র প্রদান | ২৫০ | ১২৫ | ১৫০ | ৫২৫ |
| ৪ | শিশুদের পুষ্টি বিষয়ে উঠান বৈঠক ও স্কুল ক্যাম্পেইন | ছোট দলে সিদ্ধান্ত গ্রহণ পুষ্টি প্যাকেজ বিতরণ | ৩৭৫ | ১৩৭ | ৭৮৫ | ১২৯৭ |
| | | সর্বমোট | ১৯০০ | ১২৫৭ | ২২১০ | ৫৩৬৭ |

## কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রম ঃ

"শিক্ষা একটি জাতির মেরুদণ্ড" প্রবাদটি সবার কাছে সুপরিচিত। সেইসব দেশগুলি উন্নত, যারা প্রথমে শিক্ষায় উন্নয়নে বেশি নজর দিয়েছে বা ইনভেস্ট করেছে। বিশ্বে এমন একটি দেশ বা জাতি নেই, যারা শিক্ষাগত উন্নয়নকে অগ্রাহ্য করে, তাদের উন্নয়ন করেছে । বাংলাদেশ সরকার বিভিন্ন খাতে বিরাট সাফল্য অর্জন করেছে তবে শিক্ষাক্ষেত্রে এখনও কাঙ্খিত লক্ষ্যে পৌঁছাতে পারেনি। দেশে নিবন্ধিত প্রাথমিক বিদ্যালয়ে সংখ্যা অত্যন্ত সন্তোষজনক। কিন্তু শিক্ষার মান হ্রাস পেয়েছে এবং একই সাথে ড্রপ আউট হারও কম নয়। এমনই এক প্রেক্ষাপটে মেহেরপুর জেলায় মানসম্পন্ন প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে, মউক ২০১৯ সাল থেকে গণসাক্ষরতা অভিযানের সহায়তায় মেহেরপুর সদর উপজেলার আমঝুপি, বারাদি ও আমদাহ ইউনিয়নে উল্লেখিত প্রকল্প বাস্তবায়ন করছে।  মউক প্রতিটি গ্রামে "এডুকেশন ওয়াচ গ্রুপ" নামে একটি প্ল্যাট ফর্ম এর মাধ্যমে বিদ্যালয়গুলোতে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে বদ্ধ পরিকর। এসএমসি, সামাজিক নিরিক্ষা কমিটি, পিটিএ কমিটিগুলিকে নিয়ে কিছু কার্যক্রম যেমনঃ কমিটির দায়-দায়িত্ব বিষয়ক প্রশিক্ষন, অভিভাবক সভা, ইউপি স্টান্ডিং কমিটির সদস্যদের সমন্বয় সভা করা, ওয়াচ গ্রুপের সদস্যদের বিদ্যালয় পর্যবেক্ষণ, ছাত্র পরিষদ, শিক্ষক প্রশিক্ষণ, মতবিনিময় সভা, শিক্ষা মেলা, প্রদর্শনী ও ইস্যু ভিত্তিক জেলা উপজেলা শিক্ষা প্রশাসনের সাথে এ্যাডভোকেসী করা ইত্যাদি প্রোগ্রামের মতো বেশ কিছু কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। সিইউডিজি সদস্যদের অনুপ্রেরণায়, স্কুলগুলির স্কুল আঙ্গিনায় ফুলের বাগান তৈরি, বার্ষিক বাজেট, নিয়মিত কমিটির সভা এবং সময়োপযোগী ক্লাস বাস্তবায়ন করা হয়েছে। তুলনামূলকভাবে



শিক্ষার মান আগের তুলনায় অনেক ভাল। স্কুল পরিচালনায় স্বচ্ছতা এবং জবাবদিহিতা উন্নত হয়েছে, ঝরে পড়ার হার হ্রাস পেয়েছে, প্রাথমিক বিদ্যালয়ের সাথে স্থানীয় লোকের সম্পৃক্ততায় তাদের পরামর্শ গ্রহন করায় শিক্ষার মান বৃদ্ধি পেয়েছে। ২০২৩-২০২৪ অর্থ-বছরে শিক্ষার মান উন্নয়নে যে সকল কর্মসূচী বাস্তবায়ন করা হয়েছে। তার কর্মএলাকা উপকারভোগী তথ্য নিম্নে উল্লেখ করা হলোঃ

| ইউনিয়ন এর সংখ্যা | বিদ্যালয় এর সংখ্যা | ছাত্রের সংখ্যা | ছাত্রীর সংখ্যা | শিক্ষক /অভিভাবক | মোট |
|---|---|---|---|---|---|
| ৩ টি | ৩৫ টি | ৫,৩৪১ জন | ৬,২৫৫ জন | ২,৪১৫ জন | ১১,৭২১ জন |

## আই সি এস/ইকো ফ্রেন্ডলী ইমপ্রুভ কুক ও ওভেন ইনস্টলেশন কর্মসূচীঃ

বাংলাদেশে, জনসংখ্যার বেশিরভাগই রান্না এবং খাবার গরম করার জন্য কাঠের উপর নির্ভর করে। পরিবারের রান্নার চাহিদা




মেটাতে প্রায় ৯৪ % শক্তি কাঠ উৎস থেকে আসে। বাংলাদেশ জৈব জ্বালানীর উপর অতিমাত্রায় নির্ভরশীল হওয়া সত্ত্বেও ইতোপূর্বে এই জৈব জ্বালানী ব্যবহার ফলে ঘরের অভ্যন্তরে যে বায়ুদূষণ হয় তা রোধে তেমন কোনো কার্যকরী পদক্ষেপ লক্ষ্য করা যায়নি। স্বাস্থ্যে ঝুঁকি ও পরিবেশের উপর বিরূপ প্রভাব মোকাবেলাতে অত্র প্রতিষ্ঠান বিষয়টি বিবেচনায় ইডকল ও ওয়াল্ড ব্যাংকের সহযোগিতায় মউক গৃহস্থালীর ব্যবহারের জন্য অভ্যন্তরীণ উন্নত রান্নার চুলা এবং কাঠের জ্বালানী সাশ্রয় এর ব্যবস্থা করা হয়েছে। গৃহস্থালী রান্নার কাজর সাথে জড়িত স্বাস্থ্য এবং জ্বালানী উভয় সমস্যার সমাধানের স্বার্থে, মউক যে উন্নত কুক স্টোভ ঐতিহ্যবাহী চুলাগুলির তুলনায় ৭০-৮০% জ্বালানী কাঠ/লাকড়ি বাঁচাতে পারে এবং রান্নাঘর ধোঁয়া মুক্ত রাখতে পারে, তা পরিলক্ষিত হয়েছে। গত ২৩-২৪ অর্থবছরে মউক ৭,২৫০টির বেশি সংখ্যক উন্নত কুক স্টোভ ইনস্টল করেছেন।

মউক এর মেহেরপুর জেলার ০৩ টি উপজেলায় এর কার্যক্রম সম্প্রসারণের ব্যবস্থা গ্রহন করা হয়েছে। মেহেরপুর জেলার গ্রামীণ পরিবারগুলি হস্তনির্মিত ঐতিহ্যবাহী মাটির চুলা ব্যবহার করছেন এবং তীব্র শ্বাসযন্ত্রের সংক্রমণ সহ বিভিন্ন ধরনের ঝুঁকিতে থাকেন। আইসিএস প্রকল্পগুলি ব্যবহারের মাধ্যমে অযথা বৃক্ষ নিধন বন্ধ সহ গ্রামীণ মহিলাদের স্বাস্থ্য সংরক্ষণ করে আসছে। ২০২৩-২০২৪ অর্থ-বছরে ৮,৫০০টি উন্নত চুলা উৎপাদন করা হয়।

সাধারণত, যেসব শহরে বা গ্রামীণ এলাকায় রান্নাঘরে বাতাস চলাচল ব্যবস্থা ভালো নয় তারা এই চুলার প্রতি বেশি আগ্রহী।


| ক্রমিক নং | কার্যক্রম | সেবা | চুলার ধরণ | | | মোট সেবা গ্রহণকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | একমুখী | দুই মুখী | বহু যোগ্য | |
| ১ | উন্নত চুলা বিতরণ | চুলা সরবরাহ ও স্থাপন | ৫,৪৫০টি | ২৫৫টি | ১৫৭৫টি | ৭২৫০ জন |
| ২ | উঠান বৈঠক | পরিবেশ বান্ধব চুলা বিষয়ে উদবুদ্ধকরণ | - | - | - | ১৩৪৪২ জন |
| ৩ | মাইকিং এবং রাস্তায় প্রচারণা করা | সাধারণ জনগোষ্ঠির নিকট প্রচারনা করা | - | - | - | ১৫৭৮৪ জন |



## ইনক্লুসিভ এডুকেশন ট্রিটমেন্ট এন্ড রিহ্যাবিলিটেশন অফ দি পার্সন ডিজ-অ্যাবিলিটিসঃ

সূচনালগ্ন থেকেই মউক প্রতিবন্ধী ও বিশেষচাহিদা সম্পন্ন ব্যাক্তিদের উন্নয়নেকে অগ্রাধিকার দিয়ে অত্র কর্মসূচী পরিচালনা করে আসছে। মউকের নিজেস্ব অর্থায়ন সহ সিডিডি এবং জাতীয় প্রতিবন্ধী ফাউন্ডেশনের কারিগরি ও আর্থিক সহযোগিতা দিয়ে উক্ত কার্যক্রমটি বাস্তবায়িত হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে ৩০টি প্রাথমিক বিদ্যালয়ে প্রতিবন্ধী শিশুদের শিক্ষা কর্মসূচীতে এ সম্পৃক্ত করা হয়েছে। এছাড়া ১৫০ জন শিক্ষার্থীর অভিভাবক কে সামাজিক সুরক্ষার আওতায় এনে শিক্ষা, স্বাস্থ্যা ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে সহজ শর্তে ঋণ প্রদান করে পারিবারিক ও সামাজিকভাবে পূর্ণবাসন করা হয়েছে। এছাড়া বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সুবিধা প্রাপ্তিতে অত্র প্রতিষ্ঠান সরকারী সহ বিভিন্ন বিদ্যালয়ে প্রতিবন্ধী শিশুদের ভর্তি জন্য এ্যাডভোকেসী সভা করা হয়েছে। ১৫টি কমিউনিটি সভা ১৫টি স্কুল সেমিনারের মাধ্যমে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অধিকার বিষয়ে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। এছাড়াও প্রতিবন্ধীদের সহায়ক উপকরণ যেমন হুইল চেয়ার, স্টেচার, সাদা ছড়ি, ক্রেষ্ট ইত্যাদি উপকরণ সরবরাহ করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের এই প্রকল্প এ যে সকল কার্যক্রম বাস্তবায়িত হয়েছে, নিম্নে তার সংখ্যমূলক তথ্য দেওয়া হলো ঃ






| ক্রমিক নং | কার্যক্রম | সেবার ধরণ | সেবা গ্রহণকারী | | মোট সেবা গ্রহণকারী |
|---|---|---|---|---|---|
| | | | নারী | পুরুষ | |
| ১ | পিআরটি এবং ফিজিওথেরাপী | শারীরিক ব্যায়াম | ২০ জন | ১৫ জন | ৩৫ জন |
| ২ | প্রশিক্ষণ ও পূর্ণ সহায়তা দিয়ে পূর্ণবাসন করা | প্রশিক্ষণ ও ঋণ | ৮৫ জন | ৩৫ জন | ১২০ জন |
| ৩ | সহায়ক উপকরণ বিতরণ | চশমা, হুইল চেয়ার এবং ক্রাচ বিতরণ | ৩০ জন | ১৫ জন | ৪৫ জন |
| ৪ | স্বাস্থ্য সেবা প্রদান | ভ্রাম্যমান ক্যাম্প | ১২৫ জন | ৭৫ জন | ২০০ জন |
| ৫ | বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সহ শিক্ষায় সম্পৃত্ত করণ । | প্রতিবন্ধী শিশুদের প্রাথমিক শিক্ষা কেন্দ্র অন্তরভুক্তি করণ | ২৫ জন | ৩৫ জন | ৬০ জন |
| | | সর্বমোট | ২৮৫ জন | ১৭৫ জন | ৪৬০ জন |

## মউক টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট কার্যক্রম ঃ



২০২৩-২০২৪ অর্থ বছরে প্রথম ৩৬জনের ৩টি ব্যাচ ৩টি ট্রেডে প্রশিক্ষন প্রদান কার্যক্রম সম্পন্ন করেছে। এছাড়া সংস্থার অন্যান্য প্রকল্পের মাধ্যমে ট্রেডভিত্তিক দক্ষতা উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়ন হয়েছে। বাংলাদেশের নিবন্ধিত প্রতিষ্ঠান হিসাবে শর্টকোর্স হিসাবে ০৩টি ট্রেডের কার্যক্রম শুরু করা হয়েছে। আরো ০৩টি ট্রেডের প্রশিক্ষনের চাহিদা থাকায় অতি দ্রুত শুরু করার প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহন করা হয়েছে। বিগত ২০২৩-২০২৪ অর্থ বছরে ০৩টি ট্রেডের কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে তাদের পরিক্ষা সম্পন্ন হয়নি। উক্ত প্রশিক্ষণ প্রকল্প হতে প্রশিক্ষন প্রাপ্ত প্রশিক্ষার্থীদের বিভিন্ন কর্মসংস্থানে অত্র প্রতিষ্ঠান এ্যাডভোকেসী করবে। একই সাথে প্রশিক্ষনার্থীদের মধ্যে ০৫জনকের ঋণ সুবিধা দিয়ে উদ্দ্যোক্তা তৈরী করার কার্যক্রম চলমান রয়েছে। উক্ত প্রশিক্ষন কার্যক্রমে আর্থিক সহযোগিতা পেলে অত্র অঞ্চলের বেকার যুবদের জীবন মান আরো উন্নয়ন সম্ভব বলে আশা করছি।

## ভার্নারেবেল ওয়েম্যান বেনিফিট (VWB) ঃ

জীবিকা নির্বাহ, খাদ্য নিরাপত্তা, চরম দারিদ্র্য এবং ক্ষুধা থেকে নারীদের বাঁচানোর উদ্দেশ্য নিয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নারী ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের অধীনে মহিলা বিষয়ক অধিদপ্তরের সহযোগতায় VWB প্রোগ্রামটি দেশ ব্যাপী পিছিয়ে পড়া নারীদের উন্নয়নে প্রকল্পটি বাস্তবায়ন করছে। অতি দরিদ্র নারী, প্রতিবন্ধী নারী, বিধবা এবং তালাকপ্রাপ্ত নারী প্রকল্পের প্রাথমিক সেবাগ্রহনকারী। এই প্রকল্প থেকে সেবাগ্রহনকারী হিসাবে প্রত্যেকে দু'বছরের জন্য ৩০ কেজি চাউল/গম পাচ্ছে। মউক, মেহেরপুর জেলার ২টি উপজেলায় উপকারভোগীদের আয় বর্ধক কার্যক্রম ও মূলধন গঠনের জন্য প্রশিক্ষণ সহ নানান সুযোগসুবিধা ব্যবস্থা করেছে। মউক এ সেক্টরের কাজের সাথে দীর্ঘ ১২বছর জড়িত থাকার কারণে, মেহেরপুর জেলায় ও সিরাজগঞ্জ জেলার তাড়াশি, ঝিনাইদাহ, নওগাঁ উপজেলায় কার্যক্রম বাস্তবায়ন করেছে। প্রকল্পের মাধ্যমে গত২০২৩-২০২৪ অর্থ বছরে ২৯৭০ জন সুবিধাবঞ্চিত নারীদের সেবা প্রদান করছেন। একই বিভাগের আওতায় মউক-এর মাধ্যমে মেহেরপুর জেলার ০১ টি উপজেলায় ও সিরাজগঞ্জ জেলার ০১ টি উপজেলায় এই ভিজিডি সকল কর্মসূচী সমুহ বাস্তবায়িত হচ্ছে। নিম্নে ০১ বছরের কার্যক্রম সমূহ উপস্থাপিত হইল।




| ক্রমিক নং | কার্যক্রম | সেবার ধরণ | সেবা গ্রহনকারী | | মোট সেবা গ্রহনকারী |
|---|---|---|---|---|---|
| | | | নারী | পুরুষ | |
| ১ | আয় বর্ধক প্রশিক্ষণ | বসতবাড়ীতে সবজী চাষ ও হাঁস-মুরগী ছাগল পালনের মাধ্যমে স্বাবলম্বী রূপে তৈরী করার লক্ষ্যে দক্ষতা মূলক প্রশিক্ষন | ২৯৭০ | - | ২৯৭০ |
| ২ | মানবাধিকার বিষয়ক প্রশিক্ষণ | নিপীড়নের বিরুদ্ধে আইনী সহায়তা ও অধিকার প্রতিষ্ঠা করা ও সচেতনতা বৃদ্ধি করা। | ২৯৭০ | - | ২৯৭০ |
| ৩ | সঞ্চয় জমা | মাসিক সঞ্চয় জমা ও পুঁজি/মূলধন তৈরী করা | ২৯৭০ | - | ২৯৭০ |
| ৪ | স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক প্রশিক্ষন | সুবিধা বঞ্চিতদের স্বাস্থ্য ও পুষ্টি নিশ্চিত করণে প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা। | ২৯৭০ | - | ২৯৭০ |

# বাংলাদেশের ভূমিহীন, দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠির ভূমিস্বত্ব এবং যৌথ কৃষিচর্চা প্রকল্প ঃ

এএলআরডি জার্মান মিজরিও এর আর্থিক সহযোগিতায় প্রান্তিক ভূমিহীন নারীদের অধিকার প্রতিষ্ঠায় এবং ভূমি আইন সম্পর্কে



সাধারণ মানুষদের সচেতন করতে এবং ভূমিতে নারীর মালিকানা ও অধিকার প্রতিষ্ঠার জন্য উল্লিখিত প্রকল্পটি এএলআরডি এর কারিগরি এবং আর্থিক সহায়তায় কার্যক্রম পরিচালিত হচ্ছে। সুবিধাবঞ্চিত প্রান্তিক নারীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য আমঝুপি ও পিরোজপুর ইউনিয়নে ১২টি সমবায় দল গঠন করা হয়েছে। এই কর্মসূচির আওতায় ৩৫০জন নারীকে প্রশিক্ষণ ও যৌথ কৃষি উদ্যোগ সহায়তা প্রদান করা হয়েছে। বর্তমানে নারীদের আইজিএ প্রশিক্ষণের ফলে, নারীদের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বৃদ্ধি পেয়েছে । এমনকি নারীর প্রতি বৈষম্য ও নির্যাতনের বিরুদ্ধে তাদের প্রতিরোধ করার ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। ভবিষ্যতে নারীদের মুষ্টি চাল ও সঞ্চয় জমার মাধ্যমে আর্থিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সাধারণ মূলধনের জন্য তারা নিজস্ব দৈনিক ও মাসিক মুষ্টিচাল সংগ্রহ করে সঞ্চয় তহবিল সংগ্রহ করেছে, দলগুলি নিজেরা যৌথ উদ্দেগে কৃষি কাজ করছেন এর মাধ্যমে আর্থিকভাবে লাভবান হচ্ছেন। একই সাথে সরকারি ভূমি প্রাপ্তিতে সরকারের সাথে বিভিন্ন দপ্তরে আবেদন সহ সমন্বয় করছেন। নিম্নে গত ০১ বছরের কিছু কার্যক্রম উপস্থিতি করা হইল।




## ২০২২-২০২৩ অর্থ বছরের অত্র প্রকল্পের অগ্রগতি নিম্নরূপ ছকে বর্ণিত করা হলোঃ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসূচী সংখ্যা | সেবার নাম | সেবার গ্রহণকারী | | মোট সেবা গ্রহনকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | | নারী | পুরুষ | |
| ১ | নারীদের ভূমি প্রাপ্তিতে আলোচনা ও এ্যাডভোকেসী | ১৫ | আবেদন এবং এ্যাডভোকেসী | ৭৫ | ১৫ | ৯০ |
| ২ | জমি অধিকার ও আইন বিষয়ক সচেতনতা তৈরী | ৫৫০টি | দলীয় সপ্তাহিক সভা ও কমিউনিটি মিটিং | ১৪২০ | ২৬০ | ১৬৫০ |
| ৩ | যৌথভাবে চাষাবাদ বিষয়ক প্রশিক্ষক ও পরামর্শ সভা | ০৫ | কমিউনিটি বিল্ডিং এবং ওরিয়েন্টশন/ প্রশিক্ষন | ২২৫ | ০ | ২২৫ |
| ৪ | সাপ্তাহিক গ্রুপ সভা | ১১৫০টি | সদস্যদের ইস্যুভিত্তিক সচেতন | ২৪৪ | ৭৫ | ৩১৯ |
| ৫ | বাল্যবিবাহ ও যৌতুক এর বিরুদ্ধে প্রচারণা | ১২টি | গ্রাম ভিত্তিক সভা এবং আইনী সহায়তা ও কাউন্সিলিং | ২৫০ | ১২৫ | ৩৭৫ |
| ৬ | সমবেত বা যৌথ চাষ আবাদ | ৭টি | দল ভিত্তিক কৃষি কাজে সভা করা | ৬৯ | ৮ | ৭৭ |
| | | | সর্বমোট | ২২৮৩ | ৪৮৩ | ২৭৩৬ |

## ক্ষুদ্র ঋণ কর্মসুচী ও আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্প ঃ

ক্ষুদ্র ঋণদান কর্মসূচীটি প্রতিষ্ঠানের আর্থিক কার্যক্রম হিসাবে পরিচালিত হচ্ছে। উক্ত কার্যক্রমের মাধ্যমে অতি দরিদ্র নারী ও পুরুষদের সংগঠিত করে ক্ষুদ্র ব্যবসা ও কৃষিকাজের উপর ঋণদান করে স্বাবলম্বী হিসাবে গড়ে তোলার উদ্দেশ্যে উক্ত কর্মসূচী বাস্তবায়িত হয়ে আসছে। ২০২৩-২০২৪ ইং অর্থ বছরে এই কর্মসূচির মাধ্যমে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলার ১০টি ইউনিয়নের আওতাধীন ৫৭টি গ্রামের মোট ২,১৪৪ জন সেবাগ্রহনকারী তাদের পরিবারের উপার্জন বৃদ্ধি ও আর্থ-সামাজিক উন্নয়নের জন্য সহায়তা পাচ্ছেন, যেখানে আগে উপকারভোগীরা ব্যাক্তি/ মহাজন ও ব্যাংকের মাধ্যমে উচ্চ মাত্রার সুদে ঋণ নিতে হতো, এই প্রকল্পটি সংস্থার কর্ম এলাকায় কর্মসংস্থান বৃদ্ধিতে বিশেষ ভুমিকা রেখে চলেছে।



মউকের ক্ষুদ্র ঋণদান কার্যক্রমে ০৩টি ইউনিট অফিসের মাধ্যমে ৪,১০,০৮,০৬৫/- টাকা বর্তমানে ঋণস্থিতি রয়েছে। এলাকায় ব্যাপক ঋণ এর চাহিদা থাকায় এই কর্মসুচীর সম্প্রসারণ উদ্দ্যেশে আর্থিক বরাদ্দ বৃদ্ধি করা সহ কর্মী প্রশিক্ষণ এর ব্যবস্থা নেওয়া হয়েছে।

| ক্রম | সেবা প্রদানে ধরণ | প্রত্যক্ষ উপকারভোগীর সংখ্যা | মোট ঋণ প্রদান ও সঞ্চয় আদায় | দল এর সংখ্যা | পরোক্ষ উপকারভোগীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | ঋণ সহায়তা প্রদান | ১৮৩২ জন | ৪১০০৮০৬৫ জন | ১২৪ জন | ৫২৪৪ জন |
| ২ | সঞ্চয় এর আদায় | ২১৮০ জন | ৭৮৭৯৯২৪ জন | ১২৪ জন | ৫৭৪৪ জন |
| ৩ | প্রশিক্ষন ও সাপ্তাহিক বৈঠক | ১২১৩ জন | ০ | ০ | ১২১২ জন |
| মোট | | ৫২২৫ জন | ৪৮৮৮৭৯৮৯ জন | ২৪৮ জন | ১২২০০ জন |

## তৃণমূল মডেল একাডেমী ও প্রতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রম ঃ

গুনগত মান সম্পন্ন শিক্ষা নিশ্চিত করনে ২০০৬ ইং সালে তৃণমূল মডেল একাডেমী প্রতিষ্ঠিত হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে



তৃণমূল মডেলে একাডেমীর ২টি শাখা ৫১০ জন শিক্ষার্থী অধ্যায়ণ করছে। প্রচলিত শিক্ষানীতি যেমন বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন, ২০১০; প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন মাথায় রেখে অত্র প্রতিষ্ঠান শিক্ষা কার্যক্রমকে মূল কার্যক্রম হিসাবে বিবেচনা করে। জাতীয় টেকসই উন্নয়ন কৌশল এবং এসডিজি পরিকল্পনা ২০১৬-২০৩০ বাস্তবায়নে তৃণমূল মডেল একাডেমী সহায়ক ভূমিকা পালন করছে। মউক ২০০৪ সাল থেকে প্রকল্পের আওতাভুক্ত এলাকায় শিক্ষামূলক কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। মউক এর ব্যবস্থাপনার মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য ২০০৬ সাল থেকে প্রথম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম শুরু হয় কিন্তু বর্তমানে মউক এর মাধ্যমে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত পাঠদান চালু আছে। গত ০১ বছরে তৃণমূল মডেল একাডেমী বিদ্যালয়ের অবস্থান, শিক্ষার্থী এবং শিক্ষকের তথ্য নীচে উল্লেখ করা হলোঃ

| ক্রম | বিদ্যালয় এর নাম এবং ঠিকানা | ছাত্র/ ছাত্রীর সংখ্যা | বয়স সীমা | শ্রেনীর নাম | শ্রেনীর সংখ্যা | শিক্ষক সংখ্যা | বিদ্যালয় এর ধরণ | উপস্থিতির হার | অবস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | তৃণমূল মডেল একাডেমী, আমঝুপি, মেহেরপুর । | ২৮৫ | ৬-১২ | ১ম-৫ম | ১৩ | ১৫ | প্রাতিষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় | ৮৫% | আমঝুপি ইউনিয়ন |
| ২ | তৃণমূল মডেল একাডেমী, বাড়াদী মেহেরপুর । | ২২৫ | ৬-১২ | প্লে-৫ম | ১০ | ১৩ | প্রাতিষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় | ৯৫% | বারাদী ইউনিয়ন |
| মোট | | ৫১০ | | | ১৩ | ২৫ | | ৯২% | |

## মউক এর ব্যবস্থাপনায় জাতীয় এবং আন্তর্জাতিক দিবসসমূহ উদযাপনঃ

মউক, যেহেতু সবার কাছে, একটি মানবাধিকার সংস্থা হিসাবে পরিচিত। তাই এটি সকল দেশীয় সংস্কৃতি এবং আচার-ঐতিহ্যেকে যথাযথ সম্মান প্রদান করে থাকে। ফলে স্বভাবতই মউক মানবাধিকার ভিত্তিক সকল জাতীয় ও আন্তর্জাতিক দিবস সমূহ উদযাপন করে আসছে, গত অর্থ বছর অর্থাৎ ২০২৩-২০২৪ অর্থ বছরে মউক বিভিন্ন দিবস সমূহ উদযাপন করে, তার মধ্যে বিশেষ গুরুত্বপূর্ণ কিছু দিবস উদযাপন নিম্নে উল্লেখ করা হলো।

নববর্ষ  পহেলা বৈশাখ (১৪ এপ্রিল)ঃ উদযাপন করা বাংলার একটি ঐতিহ্য । মউক এই দিনটিকে একটি বিশেষ অনুষ্ঠান হিসাবে পালন করে থাকে। চলতি অর্থ বছরে দিবসটি যথাযথভাবে পালন করায় অত্র প্রতিষ্ঠান  দ্বিতীয় স্থান অর্জন করেন।

আন্তর্জাতিক নারী দিবসঃ প্রতিবছর ৮ই মার্চ মউক এই দিবসটি শোভাযাত্রা, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন এর মাধ্যমে যথাযোগ্য মর্যদায় উৎযাপন করে থাকে। গত অর্থ ছয়ে প্রায় দুইশতাধিক নারী ও পুরুষের সমন্বেয়ে র‍্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বিশ্ব গ্রামীণ নারী দিবসঃ ১৫ ই অক্টোবর গ্রামীণ মহিলাদের জন্য একটি বিশেষ দিন এবং মউক যে কর্মএলাকায় কাজ করে সেই সকল পল্লী এলাকায় এটি পালন করা হয়। এই দিবস উপলক্ষে র‍্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়। গত অর্থ বছরে ০৪টি গ্রামে বা দলে এই দিবসটি উৎযাপিত হয়। প্রায় শতাধিক নারী অংশগ্রহন করেন।

বিশ্ব প্রতিবন্ধী দিবসঃ বিশ্বের প্রতিবন্ধী ব্যক্তির সমর্থনে প্রতি বছর ১লা ডিসেম্বর এই দিবসটি পালন করা হয়। এই লক্ষ্যে মউক র‍্যালী ও আলোচনা সভার আয়োজন এর মাধ্যমে উক্ত দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করে থাকে। বিদায়ী অর্থ বছরে জেলা প্রশাসকের যৌথ উদ্দোগে উক্ত দিবসটি উৎযাপিত হয়। প্রায় ৫০০শতাধিক জনগোষ্ঠি উপস্থিত ছিলেন।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসঃ মাতৃভাষা কে কার্যকারী ভাবে ব্যাবহার মাধমে মউক তার অগ্রযাত্রা কে প্রসারিত করেছে। প্রতি বৎসরের ন্যায় এ বৎসর ও মউক ২১ শে ফেব্রুয়ারী তে প্রভাত ফেরী, আলোচনা সভার আয়োজন সহ শিশুদেরকে নিয়ে আয়োজন ২১৫টি স্থানে দিবসটি উৎযাপন করা হয়। প্রায় ৫৭৫০জন শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থী উক্ত অনুষ্ঠান গুলিতে উপস্থিত ছিলেন।

আন্তর্জাতিক মানবাধিকার দিবসঃ প্রতিবছরের ন্যায় গত অর্থ বছরে অত্র প্রতিষ্ঠান মানবধিকার দিবস যথাযথ গুরুত্বে সাথে প্রায় শতাধিক নারী পুরুষের সমন্বয় মানববন্ধন ও আলোচনার মাধ্যমে দিবসটি উদযাপন করা হয়।

উপসংহার ঃ মউক একটি অলাভজনক উন্নয়ন সংস্থা, যা মাধারণ মানুষের অফুরন্ত সম্ভাবনাকে এগিয়ে নেয়ার কাজেও বেশ তৎপর। মউক স্বাস্থ্য ক্ষেত্রেও বিশেষ ভুমিকার পাশাপাশি বিকল্প উপায়ে বিরোধ নিস্পত্তিতে উল্লেখযোগ্য অবদান রয়েছে। এছাড়া ও সকল প্রোগ্রাম সমূহ সফলভাবে বাস্তবায়নের মাধ্যমে এই অঞ্চলে একটি অন্যতম বেসরকারী সংস্থা হিসাবে গণ মানুষের কাছে পরিচিতি লাভ করেছে ।

# বর্তমানে চলমান কার্যক্রম সমূহ ও বাজেট ঃ

| SL | Name of Donor | Project Title | Working Area | Project Duration | Budget |
|---|---|---|---|---|---|
| 1 | JNNPF and Action Aid Bangladesh | *Child and women rights advocacy Program* | *Meherpur, District* | From 03/01/2021to 30/12/2025 | *35,70,800/-* |
| 2 | IDCOL-Dhaka/ USAID | *ICS/Eco-friendly Improved Cook Oven Installation* | *Meherpur District* | From 01/01/12 to 30/12/24 | *1,57,00,000/-* |
| 3 | BNFE (Bureau of Non Formal Education) | *Out of School Children education Program* | *Meherpur District* | From 01/10/2020 to 30/06/2025 | *13,51,28,500/-* |
| 4 | SAWAB Bangladesh & Naher USA | *Livelihood Food Security & WASH Project* | *Meherpur Sadar Uazilla* | From 20/07/2021to 19/06/2025 | *1,75,27,000/-* |
| 5 | Bangladesh Women Affairs Bureau. | *Training Support for the Antenatal mothers and VWB card Holders* | *Meherpur Sadar Uazilla, Gangni* | From 17/07/2019 to 31/12/2025 | *29,13,500/-* |
| 6 | Drink-well International & NGO Forum for Public Health | *WATSAN/Arsenic Mitigation Project* | *Meherpur Sadar Uazilla, Gangni* | From 01/07/2022 to 19/06/2025 | *87,13,850/-* |
| 7 | ALRD-Dhaka/ German Misereor | *Marginalized indigenous women & Child rights &People's Cooperative Project* | *Meherpur Sadar* | From 09/01/2019 to 30/12/2024 | *32,27,300/-* |
| 8 | Muk Sponsored and BRAC | *Micro Credit for socio-economic development program(Samriddho)* | *Meherpur Sadar* | Continuing from 1997 | *3,85,48,250/-* |
| 9 | CAMPE and Muk Sponsored | *Formal Education; Trinonul Model Academy* | *Meherpur Sadar Uazilla* | Continuing from 2006 | *25,68,230/-* |
| 10 | Ministry of Child Labor | Education and technical training Program, Dhaka | Dhaka, South City Corporation | From 15/02/2022 to 30/12/2025 | *1,14,53,150/-* |
| 11 | **CAMPE** (Campaign for Populer Education) | "Education WATCH Program" under 'Education Out Loud Project' | *Amjhupi, Amdha & Baradi union* | From 01/01/2022 to 30/03/2023 | *28,72,000/-* |
| 12 | **BNF (**Bangladesh NGO Foundation) | Home Gardening and Livestock Program for Marzinalised Haldar/Das & Dalits Community | *Meherpur Sadar Uazilla* | From 03/05/2021 to 30/04/2025 | *19,50,000/-* |
| 13 | Muk Sponsored & Health and Family Planning | Health care Support for the Mother, Child Underprivileged Senior Citizen | *Meherpur Sadar Uazilla* | From 01/06/2022 to 30/10/2025 | *5,45,000/-* |

# ২০২৩-২০২৪ ইং পর্যন্ত জাতীয় ও আর্ন্তজাতিক নেটওয়ার্ক সদস্যদের তথ্য

inroads
International Network for the Reduction of Abortion Discrimination and Stigma

HelpAge International

GLOBAL HUMAN RIGHTS DEFENCE

Scaling Up Nutrition
Civil Society Alliance for SUN, Bangladesh

গভার্নেন্স কোয়ালিশন
GOVERNANCE COALITION
দায়বদ্ধ শাসন ও মানবাধিকার উন্নয়নের সংগ্রাম

গণসাক্ষরতা অভিযান
CAMPAIGN FOR POPULAR EDUCATION

BSAF

NFOWD
জাতীয় প্রতিবন্ধী ফোরাম

জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরাম

STI/AIDS NETWORK OF BANGLADESH

ADAB

BCCM

আমার অধিকার
আমার অধিকার ফাউন্ডেশন

JusticeMakers Bangladesh

খাদ্য অধিকার বাংলাদেশ
RIGHT TO FOOD BANGLADESH

Citizen's Platform for SDGs, Bangladesh
এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ

জাতীয় মানবাধিকার কমিশন বাংলাদেশ

CDF
Facilitates Microfinance

GWA GENDER AND WATER ALLIANCE

বাংলাদেশ লেবার ফাউন্ডেশন (বিএলএফ)
Bangladesh Labour Foundation (BLF)

নারীপক্ষ

মানব উন্নয়ন কেন্দ্র

MUK